বরাবর
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ

অভিযোগের তারিখ: ০৪-১২-২০২২
ট্র্যাকিং নম্বর: ১৭৭০৫৫০০৮৬১০৪
কেস নম্বর: ২০২২২২৪০০০২২০
অবস্থা: মতামতের জন্য প্রেরিত

**বিষয়: কক্সবাজার পৌরসভা কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে নাগরিক সেবায় হয়রানির অভিযোগ**

মহোদয়,

যথাবিহিত সম্মান প্রদর্শনপূর্বক বিনীত নিবেদন এই যে আমি নিম্নস্বাক্ষরকারী, মোঃ জয়নাল আবেদীন পিতা -মৃত মোঃ শফিকুর রহমান ঠিকানা -দক্ষিণ রুমালিয়ারছড়া, 7 নং ওয়ার্ড কক্সবাজার পৌরসভা এলাকা, উপজেলা- কক্সবাজার সদর, জেলা -কক্সবাজার এর একজন স্থায়ী বাসিন্দা। বিগত ২৯ শে নভেম্বর ২০২২ ইংরেজি তারিখে আমার খালাত ভাই নাম- (মোঃ নুর) এর মৃত্যু সনদ এর বিষয়ে কক্সবাজার পৌরসভা কার্যালয়ে আবেদন করি নির্দিষ্ট নিয়ম মোতাবেক, কিন্তু দুঃখের বিষয় হচ্ছে যেহেতু কক্সবাজার পৌরসভা কক্সবাজার জেলা সদরসহ রোহিংগা বিশেষ চিহ্নিত এলাকা সেহেতু জন্ম মৃত্যু নিবন্ধন সেবায় সেবা বিঘ্নিত হওয়া এটা স্বাভাবিক প্রক্রিয়া। কিন্তু খুব দুঃখের বিষয় হচ্ছে প্রায় তিন দিন পর আমি যখন পহেলা ডিসেম্বর ২০২২ তারিখে (খুরশেদ আলম) প্রশাসনিক কর্মকর্তা, কক্সবাজার পৌরসভা কে অবহিত করলে উনি কোন কার্যকর পদক্ষেপ নেয়নি। এরপর আজ ৪ ডিসেম্বর ২০২২ তারিখ কক্সবাজার পৌর নির্বাহী কর্মকর্তা রাসেল চৌধুরীর নিকট গিয়ে আমি জানতে চাইলে কক্সবাজার পৌরসভা কার্যালয়ে জন্ম মৃত্যু নিবন্ধন/প্রতিলিপি নতুন এবং সংশোধনের ক্ষেত্রে আপনার পৌরসভা কার্যালয়ের কোন সিটিজেন চার্টার / নিয়ম নাই উল্লেখিত অফিসার এর উত্তরে নাই বলে। এর আগে আমি কক্সবাজার পৌরসভা অফিসের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) তরিকুল ইসলামকে অবহিত করলে উনি আমার উক্ত সমস্যাটা আমলে না নিয়ে প্রশাসনিক কর্মকর্তা খোরশেদ আলম কে দেখিয়ে দেয়।

এমতাবস্থায় কক্সবাজার পৌর প্রশাসনের বিরুদ্ধে নাগরিক সেবাই গাফিলতি ও হয়রানি, জন্ম নিবন্ধন/ মৃত্যু নিবন্ধন এ সর্বোচ্চ ৫০ টাকার বদলে ১০০ টাকা ফি নেওয়া সহ অনলাইন জন্মনিবন্ধন/ মৃত্যু নিবন্ধন আবেদন অনলাইন জমা না নেওয়া সহ পৌরসভার কার্যালয়ে নির্দিষ্ট কোন নাগরিক সেবা কর্নার /নাগরিক সেবা তালিকা না থাকায় কক্সবাজার জেলা প্রশাসকের সংশ্লিষ্ট কর্মকর্তা ও কক্সবাজার পৌরসভা প্রশাসনের বিরুদ্ধে এই বিষয়ে কোনো পদক্ষেপ না নেওয়া সহ জনস্বার্থে আমি একটি অভিযোগ দাখিল করছি।

অতএব উল্লেখিত বিষয়টি তদন্তপূর্বক উল্লেখিত প্রতিষ্ঠান কক্সবাজার পৌরসভা কার্যালয়ের সংশ্লিষ্ট সকল কর্মকর্তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিলে আপনার বিহিত মর্জি হই।

আপনার বিশ্বস্ত

Md Joynal Abedin
মোবাইল নম্বর: ০১৭৭০৫৫০০৮৬